

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব জান্নাতুন শাহীন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর।

স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, গাজীপুর সদর, গাজীপুরের অফিস কক্ষ।


তারিখ: ১৮-১০-২০২২ খ্রি: সময়: ১২:০০ ঘটিকা।

সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে উল্লেখ করা হলো।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিভিন্ন কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে সভার আয়োজন	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে প্রথম সভা বিগত ০৫/০৯/২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত হয় এবং ২য় পাক্ষিকের সভা আগামী ডিসেম্বর/২২ খ্রি. মাসের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে ২য় সভা আগামী ২৫ ডিসেম্বর/২২ খ্রি. মাসের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২	কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)	দপ্তরের পুরাতন নথিপত্র গুছানো এবং পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা হয়।	ডিসেম্বর/২২ খ্রি. এর মধ্যে দপ্তরের সকল নথিপত্র গুছানো, অফিস এবং অফিস প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৩	সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহিতার মতামত সংরক্ষণ	সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহিতাকে প্রদেয় সেবার মতামত সংশ্লিষ্ট রেজিস্টারে যথাযথভাবে সংরক্ষণ বিষয়ে সভায় আলোচনা হয়।	অক্টোবর-ডিসেম্বর ত্রৈমাসে ২২জন সেবা গ্রহিতাকে প্রদেয় সেবার মতামত সংশ্লিষ্ট রেজিস্টারে যথাযথভাবে সংরক্ষণের সিদ্ধান্ত গৃহিত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৪	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রদর্শনী কার্যক্রম মনিটরিং	মাঠ পর্যায়ে বাস্তবায়িত প্রদর্শনী কার্যক্রম সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনিটরিং করার বিষয়ে সভায় আলোচনা হয়।	অক্টোবর-ডিসেম্বর ত্রৈমাসে ২ টি প্রদর্শনী কার্যক্রম মনিটরিং করতঃ প্রতিবেদন প্রস্তুত করে সংরক্ষণের সিদ্ধান্ত গৃহিত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৫	নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ	অফিসে কর্মরত সকল কর্মকর্তা/ কর্মচারীদের প্রতিদিন যথাসময়ে উপস্থিত থেকে দাপ্তরিক কাজ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	অফিসে কর্মরত সকল কর্মকর্তা/ কর্মচারীর উপস্থিতি হাজিরা নিয়মিতভাবে যাচাইয়ের সিদ্ধান্ত গৃহিত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


জান্নাতুন শাহীন

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

গাজীপুর সদর, গাজীপুর।


তারিখঃ ১৮/১০/২০২২ খ্রিঃ

পত্র নং ৩৩.০২.৩৩০০.৫০১.৪২.০০২.২২-১৬৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। জেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর।

২। জনাব.....


১৮/১০/২২

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

গাজীপুর সদর, গাজীপুর।